

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে শিক্ষাবৃত্তি প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষাবৃত্তি প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (৩ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এনএসটিইউ সোসাইটি ফর দ্যা ডিজএভেলড ৩৩ তম আন্তর্জাতিক এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে এর আয়োজন করে। এতে বিশেষ অতিথি ছিলেন নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।

বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, এনএসটিইউ সোসাইটি ফর দ্যা ডিজএভেলড এর কার্যক্রম জেনে আমি অনুপ্রাণিত হলাম। আমরা যেন পৃথিবীতে যেকোন ভালো কাজের ফুট প্রিন্ট রেখে যেতে পারি। বিশেষ চাহিদা সম্পন্ন মেধাবী শিক্ষার্থীদের যেকোন প্রয়োজনে নোবিপ্রবি প্রশাসন সর্বাত্মক সহযোগিতা করবে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিশেষ চাহিদা সম্পন্ন মেধাবী শিক্ষার্থী ও তাদের পরিবারের সদস্যবৃন্দ অংশ নেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪